



সূত্র: ৩২৬/সা.বি.অ./১৩৫ পাট ১৪

তারিখ: ১৭/০৮/২০২২

নোটিশ

(লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফল প্রকাশ এবং বিষয় পছন্দক্রম ফরম পূরণ)


ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের (সম্মান) ভর্তি পরীক্ষার ইংরেজি বিভাগের লিখিত পরীক্ষা এবং সংগীত বিভাগ, নাট্যকলা বিভাগ ও চারুকলা অনুষদের ব্যবহারিক পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো। এসব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীসহ গত ২৬ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষায় উত্তীর্ণদের Subject Choice আগামী ১৯ আগস্ট থেকে ২৩ আগস্ট ২০২২ পর্যন্ত অনলাইনে (www.ru.ac.bd) নির্ধারিত ফরমে বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে। Subject Choice ফরম পূরণ না করলে A ইউনিটে তার ভর্তির সুযোগ থাকবে না। পছন্দক্রম প্রদানের পর তদানুযায়ী কোন নির্দিষ্ট বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে। নতুবা A ইউনিটে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে A ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

আগামী ২৫ আগস্ট, ২০২২ তারিখে বিভাগসমূহের নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে। মেধা তালিকাভুক্ত পরীক্ষার্থীদের ভর্তি কার্যক্রম ০১ সেপ্টেম্বর, ২০২২ তারিখ থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২২ তারিখের (শুক্রবার ও শনিবার ব্যতীত) মধ্যে সম্পন্ন করতে হবে। পরবর্তীতে আসন শূণ্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া প্রার্থীদের Subject Choice ক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে এবং তা নোটিশের মাধ্যমে জানানো হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না।

ভর্তি প্রক্রিয়ার শুরুতেই নির্বাচিত প্রার্থীদের স্বাক্ষরকার স্ব-স্ব অনুষদ অফিসে গ্রহণ করা হবে। স্বাক্ষরকারের সময় প্রার্থীকে নিম্নে বর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ভর্তি পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র,
- (২) Subject Choice Form-এর প্রিন্ট কপি,
- (৩) এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল মার্কশীট,
- (৪) এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড।

অনলাইনে পছন্দক্রম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার ক্ষেত্রে হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩-এ যোগাযোগ করা যেতে পারে। প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(প্রফেসর ড. মো: ইলিয়াছ হোসেন)

চীফ কো-অর্ডিনেটর,

ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

ও

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।